# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি - চতুর্থ**

**বিষয় - বাংলা**

**কবিতা – সবার আমি ছাত্র**

**কবি – সুনির্মল বসু**

**বিষয়বস্তুর প্রকৃতি – শিক্ষামূলক**

**(**বই থেকে কবি**-**পরিচিতি**,** শব্দার্থ পড়বে ও কবিতা মুখস্থ করবে**)**

সবার আমি ছাত্র কবিতার নামকরণের দিকে তাকালে দেখব ছাত্র শব্দটার অর্থ আমরা জানি। তোমরা বলবে যারা পড়াশোনা শেখে। কিন্তু এখানে বৃহত্তর অর্থে আমরা বলব ছাত্র অর্থাৎ শিক্ষার্থী। যে শেখে সেই ছাত্র,সেটা পড়ার বাইরে যে কোনো বিষয়ই হতে পারে।শেখার কোনো বাধা বা বয়স নেই।ঠিক সেরকম শিক্ষাগুরু বা শিক্ষকের ও কোনো ভেদাভেদ নেই। বই ছাড়াও মানুষ থেকে পশুপাখি, এমনকি যন্ত্রপাতি থেকেও শিখতে পারি। এবার আমরা দেখব সবার ছাত্র বলতে কবি কাদের বুঝিয়েছেন? অর্থাৎ কবিতাটিতে কারা শিক্ষক? তার আগে একটু জেনে নিই পরিবেশ বলতে আমরা কি বুঝি? আমাদের চারপাশে যা যা আছে তাই নিয়েই আমাদের পরিবেশ। এই পরিবেশ আবার দুইপ্রকার। আমাদের চারপাশের প্রকৃতি জগতে আকাশ, বাতাস, মাটি, পাহাড়, গাছপালা, নদনদী ইত্যাদি নিয়ে প্রাকৃতিক পরিবেশ আর আমাদের বাড়ি ও বাড়ির চারপাশে মা-বাবা,ভাই-বোন, আত্মীয়-স্বজন,বন্ধুবান্ধব এদের নিয়ে সামাজিক পরিবেশ। যেহেতু আমরা সামাজিক পরিবেশে বড়ো হয়ে উঠি তাই সেখান থেকে আমরা স্বাভাবিক ভাবেই শিক্ষা লাভ করি।কিন্তু প্রকৃতি জগৎ ও যে আমাদের শিক্ষা দেয় - সেই কথাই কবি এই কবিতার মধ্যে দিয়ে বর্ণনা করেছেন।

১. পূর্ণ বাক্যে উত্তর লেখো:-

ক) আকাশ আমাদের কী শিক্ষা দেয়?

উঃ নিজে লেখো।

খ) বাতাস/বায়ুর কাছ থেকে আমরা কী শিক্ষা পাই?

উঃ নিজে লেখো।

গ) পাহাড় ও খোলামাঠ আমাদের কী শিক্ষা দেয়?

উঃ নিজে লেখো।

ঘ) সূর্য ও চন্দ্র আমাদের কী কী শিক্ষা দেয়?

উঃ  নিজে লেখো।

{Sub-question}

** রত্ন-আকর কী?

উঃ রত্ন শব্দের অর্থ মূল্যবান হীরা মণি-মানিক্য আর আকর শব্দের অর্থ খনি।অর্থাৎ মূল্যবান মণি-মানিক্যের খনি।। (সমুদ্রের তলায় অনেক মূল্যবান মণি-মানিকের, ধনরত্নের জন্ম বলে সমুদ্রের অপর নাম রত্নাকর। )

ঙ) সাগর আমাদের কী শিক্ষা দেয়?

উঃ সাগর আমাদের এই শিক্ষাই দেয় যে সে যেমন রত্নের খনি বা ভান্ডার আমরা যেন তার মতো আমাদের মনকে মূল্যবান জ্ঞানের ভান্ডার করে তুলতে পারি যাতে আমাদের জীবনে উন্নতি হয়।
চ) নদী আমাদের কী শিক্ষা দেয়?

উঃ নিজে লেখো।

ছ) মাটির কাছে আমরা কী শিক্ষা পাই?

উঃ নিজে লেখো।

জ) পাষাণ/পাথর আমাদের কী শিক্ষা দেয়?

উঃ নিজে লেখো।

** {Sub-questions}
শ্যাম বনানী বলতে কী বোঝো?

সরসতা অর্থ কী?

উঃ শ্যাম শব্দের অর্থ সবুজ,বনানী শব্দের অর্থ বন/জঙ্গল।শ্যামবনানী অর্থাৎ সবুজ বন।

সরসতা শব্দের আক্ষরিক অর্থ রসালো বা ভিজে ভাব কিন্তু এখানে আমরা বলব সহানুভূতি প্রবণ।
ঝ) কবির পাঠশালা কোথায়?

উঃ নিজে লেখো।

ঞ) কবির পাঠ্য বা শেখার বিষয়গুলি কোথায় লেখা আছে?

উঃ পৃথিবী নামক বিরাট খাতায় পাঠ্য বিষয়গুলি লেখা আছে।



**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**